



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)
প্রবাসী কল্যান ভবন (১৬ তলা)
৭১-৭২, ইস্টাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.seip-fd.gov.bd



শোকবার্তা

SEIP - LFMEAB'র চীফ কো-অর্ডিনেটর জনাব মোঃ মশিউর রহমানের আকস্মিক মৃত্যুতে Skills for Employment Investment Program (SEIP) পরিবারের পক্ষ থেকে গভীর সমবেদনা জ্ঞাপন করছি। তাঁর এ অসময় প্রস্থান আমাদেরকে শোকাভিভূত এবং মর্মান্বিত করেছে।

চীফ কো-অর্ডিনেটর হিসেবে জনাব মশিউর প্রকল্প ও LFMEAB'র এর মধ্যে সমন্বয়ের দায়িত্ব দক্ষতা ও নিষ্ঠার সাথে পালন করে আসছিলেন। তাঁর কর্মকুশলতা এবং যোগ্যতা ছিল অত্যন্ত প্রশংসনীয়। অর্পিত প্রতিটি দায়িত্ব তিনি আন্তরিকতার সাথে সূচারুভাবে সম্পন্ন করতেন। একজন কর্তব্যপরায়ন, ভদ্র, অমায়িক এবং বিনয়ী কর্মকর্তা হিসেবে তিনি সকলের কাছে সমাদৃত ছিলেন। জনাব মোঃ মশিউর এর মৃত্যু পরিবারের পাশাপাশি SEIP'র জন্যও এক অপূরণীয় ক্ষতি। SEIP প্রকল্প একজন দক্ষ, দায়িত্ববান ও নিষ্ঠাবান কর্মীকে হারালো। SEIP পরিবার সবসময় তাঁর অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করবে। একই সাথে, চামড়া ও পাদুকা নির্মাণ শিল্প তথা দেশের সার্বিক উন্নয়নে তাঁর অনুষ্ঠারিত অথচ অর্থবহ অবদান সতত সমুজ্জ্বল থাকবে।

জনাব মশিউর আর আমাদের মাঝে নেই, এই সত্যিটা বিশ্বাস করা কঠিন। তাঁর স্ত্রী বেগম শাহিদা আক্তার শেফালী, শিশু সন্তান জামী আবদুল্লাহ ও জাহরা তাজকিয়া সহ পরিবারের সদস্যদের জন্য কঠিন এ বাস্তবতা মেনে নেয়া কতটা কষ্টদায়ক এবং গভীরতম বেদনার তা অনুধাবন করতে পারি। পিতাকে হারিয়ে দু'টি শিশু জীবনের এক কঠিন সময় অতিবাহিত করছে। শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি।

প্রকৃতির অমোঘ নিয়মে আমাদের সকলকে এ পৃথিবী ছেড়ে যেতে হবে। কঠিন এ বাস্তবতা মেনেই আমাদের জীবন ধারণ করতে হয়। প্রার্থনা করছি পরিবারের সদস্যগণকে সৃষ্টিকর্তা যেন এ গভীর শোক কাটিয়ে আগামীর দিনগুলোতে পথ চলার জন্য দৃঢ় মনোবল এবং শক্তি দান করেন। মহান সৃষ্টিকর্তার নিকট জনাব মশিউর এর বিদেহী আত্মার পরম শান্তি ও মাগফেরাত কামনা করছি।

জনাব মশিউরের স্ত্রী, পুত্র-কন্যাসহ পরিবারের সদস্যের সর্বাঙ্গীণ মঞ্জল কামনা করছি।

(মোঃ জাহিদুল হক)

নির্বাহী প্রকল্প পরিচালক

Skills for Employment Investment Program (SEIP)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৬/০৭/২০২১